বাংলাদেশ ফুটবল ফেডারেশনের সম্মানিত সভাপতি'র মাসিক (আগস্ট) বিবৃতি

আগস্ট মাস শোকের মাস, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে ১৯৭৫ সালের ১৫ আগস্টের কালরাত্রিতে নৃশংসভাবে হত্যা করা হয়। বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব, বাংলার আধুনিক ফুটবলের স্বপ্নদ্রষ্টা ক্যাপ্টেন শেখ কামাল, লেফট্যানেন্ট শেখ জামাল, শেখ রাসেল, শেখ ফজলুল হক মনিসহ বঙ্গবন্ধু পরিবারের আরও অনেক সদস্য ঐ রাত্রিতে শহীদ হন। বিদেশে থাকায় প্রাণে বেঁচে যান বঙ্গবন্ধুর দুই কন্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা ও তাঁর অনুজ শেখ রেহানা। আমি বাংলাদেশ ফুটবল ফেডারেশনের পক্ষ থেকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা, আমার প্রাণপ্রিয় বন্ধু ক্যাপ্টেন শেখ কামালসহ ১৫ আগস্টের সকল শহীদের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করছি।

শহীদ ক্যাপ্টেন শেখ কামালের জন্মবার্ষিকীঃ গত ৫ আগস্ট ২০২১ তারিখ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র, বিশিষ্ট ক্রীড়া সংগঠক ও বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭২তম জন্মবার্ষিকী ছিল। এ উপলক্ষে বাংলাদেশ ফুটবল ফেডারেশন কর্তৃক মতিঝিলস্থ বাফুফে ভবন সংলগ্ন ঝিলপাড় জামে মসজিদে দোয়া ও মিলাদ মাহফিল এর আয়োজন করা হয় এবং দোয়া শেষে উপস্থিত সকলের মাঝে খাবার বিতরণ করা হয়।

শেখ কামাল জাতীয় ক্রীড়া পরিষদ পুরস্কারঃ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ও জাতীয় ক্রীড়া পরিষদের উদ্যোগে শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর ৭২তম জন্মবার্ষিকী উপলক্ষে 'শেখ কামাল জাতীয় ক্রীড়া পরিষদ পুরস্কার ২০২১' এ আমাকে আজীবন সম্মাননা প্রদান করায় আমি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মাননীয় প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ও জাতীয় ক্রীড়া পরিষদের প্রতি গভীরভাবে কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা এর জন্মবার্ষিকীঃ মতিঝিলস্থ বাফুফে ভবনে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর সহধর্মিনী বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব এর ৯১তম জন্ম বার্ষিকী উপলক্ষে গত ৮ আগস্ট ২০২১ তারিখ বাংলাদেশ ফুটবল ফেডারেশন এর ব্যবস্থাপনায় মতিঝিলস্থ বাফুফে ভবনে কোরআন খতম করা হয়। পরবর্তীতে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ ও মোনাজাতসহ মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

জাতীয় শোক দিবস পালনঃ শোকাবহ ১৫ আগস্টকে যথাযোগ্য মর্যাদায় পালন করেছে বাংলাদেশ ফুটবল ফেডারেশন। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের শহীদ সদস্যদের ৪৬তম শাহাদাত বার্ষিকী উপলক্ষে জাতীয় শোক দিবসে বাংলাদেশ ফুটবল ফেডারেশন এর ব্যবস্থাপনায় বিভিন্ন কর্মসূচী পালন করা হয়েছে। এর মধ্যে উল্লেখযোগ্য ছিল-মতিঝিলস্থ বাফুফে ভবনে কোরআন খতম করা, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবারের সদস্যদের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ ও মোনাজাত, মতিঝিলস্থ বাফুফে ভবনে গরীব ও দুস্থদের মাঝে খাবার বিতরণ করা এবং দোয়া মাহফিল। পুষ্পস্তবক অর্পণ ও মোনাজাত অনুষ্ঠানে আমি এবং আমার সহকর্মীবৃন্দসহ, বাংলাদেশ মহিলা জাতীয় ফুটবল দলের খেলোয়াড়গণ উপস্থিত ছিল।

সাফ চ্যাম্পিয়নশীপঃ গত ৯ আগস্ট ২০২১ তারিখ সাউথ এশিয়ান ফুটবল ফেডারেশন (সাফ) এর নির্বাহী কমিটির জরুরি সভা অনলাইন প্ল্যাটফরমের মাধ্যমে আয়োজিত হয়। সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়, ত্রয়োদশ 'সাফ চ্যাম্পিয়নশীপ ২০২১' আয়োজন করবে ফুটবল অ্যাসোসিয়েশন অব মালদ্বীপ। উক্ত প্রতিযোগিতা আগামী ০১ অক্টোবর, ২০২১ তারিখ থেকে ১৬ অক্টোবর, ২০২১ তারিখ পর্যন্ত অনুষ্ঠিত হবে।

বাংলাদেশ জাতীয় ফুটবল দলঃ আগামী সেপ্টেম্বর ২০২১ এর ফিফা উইন্ডোতে বাংলাদেশ জাতীয় ফুটবল দল প্যালেস্টাইন জাতীয় ফুটবল দল ও কিরগিজ জাতীয় ফুটবল দল এর সাথে 'থ্রী নেশন্স কাপ ২০২১' এ অংশগ্রহণ করবে। এ উপলক্ষ্যে বাংলাদেশ জাতীয় ফুটবল দল গত ২৭ আগস্ট ২০২১ তারিখ দিবাগত রাতে কিরগিজ রিপাবলিকের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেছে। কিরগিজ রিপাবলিক সফর শেষে ঢাকায় এসে 'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১' এর অবশিষ্ট ম্যাচ শেষে বাংলাদেশ জাতীয় ফুটবল দল এর ক্যাম্প শুরু হবে। উক্ত ক্যাম্প সমাপ্তির পর আনুমানিক আগামী ২৭ অথবা ২৮ সেপ্টেম্বর ২০২১ তারিখ বাংলাদেশ জাতীয় ফুটবল দল 'সাফ চ্যাম্পিয়নশিপ ২০২১' এ অংশগ্রহণ করতে মালদ্বীপ গমন করবে।

বাফুফে আশা করছে, কিরগিজ রিপাবলিক সফর ও বাফুফের তত্ত্বাবধানে আয়োজিত ক্যাম্প 'সাফ চ্যাম্পিয়নশিপ ২০২১' এ ভালো ফলাফল অর্জনে বাংলাদেশ জাতীয় ফুটবল দলকে সাহায্য করবে।

অ-২৩ জাতীয় ফুটবল দলঃ আগামী অক্টোবর ২০২১ মাসে বাংলাদেশ অ-২৩ জাতীয় ফুটবল দল কুয়েতে অনুষ্ঠিতব্য 'এএফসি অ-২৩ এশিয়ান কাপ উজবেকিস্তান ২০২২ কোয়ালিফায়ার্স' এ অংশগ্রহণ করবে। উক্ত প্রতিযোগিতায় বাংলাদেশ অ-২৩ জাতীয় ফুটবল দল কুয়েত, সৌদি আরব ও উজবেকিস্তান অ-২৩ জাতীয় ফুটবল দলের সঙ্গে ম্যাচ খেলবে।

ফিফা কোর্সঃ ফিফা ডেভেলপমেন্ট প্রোগ্রামের অধীনে গত ০৯-০৮-২০২১ তারিখ হতে ১২-০৮-২০২১ তারিখ পর্যন্ত ৪ (চার) দিন ব্যাপী দক্ষিণ এশীয় অঞ্চলের 'FIFA FUTURO-iii' কোর্সটি অনলাইন প্ল্যাটফরমের মাধ্যমে অনুষ্ঠিত হয়। উক্ত কোর্সে ১০টি দেশের সর্বমোট ২২জন টেকনিক্যাল ইনস্ট্রাক্টর অংশগ্রহণ করেছে। কোর্সে ফিফা প্রদত্ত ল'জ অব দ্য গেম ২০২১-২২ এর পরিবর্তনসহ ৫টি গুরুত্বপূর্ণ বিষয় যথাক্রমে ১) হ্যান্ডবল ২) অফসাইড ৩) টেকটিক্যাল ফাউল ৪) পেনাল্টি এরিয়া ইনসিডেন্ট এবং ৫) চ্যালেঞ্জেস সম্পর্কে ভিডিও ফুটেজসহ নতুন ধারণা প্রদান করা হয়েছে। উক্ত কোর্সে বাংলাদেশ থেকে ৩ (তিন) জন টেকনিক্যাল ইনস্ট্রাক্টর অংশগ্রহণ করেছে।

বাংলাদেশ প্রিমিয়ার লীগে প্রথম মহিলা রেফারীঃ গত ১৬ আগস্ট ২০২১ তারিখে ফিফা মহিলা সহকারী রেফারী সালমা আক্তার মনি কমলাপুরস্থ বীরশ্রেষ্ঠ সিপাহী মোহাম্মদ মোস্তফা কামাল স্টেডিয়ামে 'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১' এর আরামবাগ ক্রীড়া সংঘ বনাম উত্তর বারিধারা ক্লাব এর মধ্যকার খেলায় সহকারী রেফারীর ভূমিকা পালন করে দেশের ফুটবল ইতিহাসে প্রথম মহিলা রেফারী হিসেবে বাংলাদেশের ফুটবলের সর্বোচ্চ লীগ 'বাংলাদেশ প্রিমিয়ার লীগ (বিপিএল)' এ খেলা পরিচালনার দায়িত্ব পালন করেছে। সালমা আক্তার মনির উক্ত অর্জন দেশের ফুটবল ইতিহাসে একটি মাইলফলক হয়ে থাকবে। এমন অভাবনীয় অর্জনের স্বীকৃতিস্বরূপ বাংলাদেশ ফুটবল ফেডারেশন এর পক্ষ থেকে তাকে আন্তরিক অভিনন্দন জ্ঞাপন করছি।

বাফুফে এএফসি সি ডিপ্লোমা কোর্স (মহিলা)ঃ আগস্ট ২০২১ মাসে অনলাইন প্ল্যাটফরমে 'বাফুফে এএফসি সি ডিপ্লোমা কোর্স (মহিলা)' অনুষ্ঠিত হয়েছে। সাবেক এবং বর্তমান এলিট মহিলা ফুটবল খেলোয়াড় মিলে উক্ত ডিপ্লোমা কোর্সে বিশ (২০) জন মহিলা প্রশিক্ষক অংশগ্রহণ করেছে। অংশগ্রহণকারীগণ ইতিমধ্যেই গ্রাসরুট কোচিং অ্যাওয়ার্ড অর্জন করেছেন। উক্ত কোর্সটি সমগ্র এশিয়ায় ফুটবল প্রশিক্ষক তৈরীর ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

বাফুফে এলিট একাডেমীঃ কমলাপুরস্থ বীরশ্রেষ্ঠ শহীদ সিপাহী মোহাম্মদ মোস্তফা কামাল স্টেডিয়ামে বাংলাদেশ ফুটবল ফেডারেশন এর এলিট একাডেমীর কার্যক্রম আনুষ্ঠানিকভাবে আগামী ১২ সেপ্টেম্বর ২০২১ তারিখ থেকে শুরু হবে। উক্ত একাডেমীর জন্য আমরা ৪৭ জন খেলোয়াড় নির্বাচন করে রেখেছি। এক মাস প্রশিক্ষণ প্রদানের পর অ-১৭ বছর বয়সী খেলোয়াড়গণকে নিয়ে একটা দল গঠন করা হবে যারা পরবর্তীতে বিভিন্ন প্রতিযোগিতামূলক আসরে অংশগ্রহণ করতে সক্ষম হবে।

বাফুফে এএফসি প্রফেশনাল ডিপ্লোমা কোর্সঃ গত আগস্ট ২০২১ মাস হতে বাফুফে এএফসি প্রফেশনাল ডিপ্লোমা কোর্সের অংশ হিসেবে চারটি ইন্ডাকশন ভার্চুয়াল লার্নিং ওয়ার্কশপ শুরু হয়েছে। বাফুফে কোচিং কনভেনশন ২০২১ এর নিয়মের অধীনে অংশগ্রহণকারীদের সুসংগঠিত করতে এএফসি-এর সাথে বাফুফে কাজ করছে। 'মডিউল ১' এর পরে 'মডিউল ২'এর প্রস্তুতির জন্য একটি লার্নিং গ্রুপ টাস্ক থাকবে যা ২০২১ সালের নভেম্বর মাসে শুরু হবে। বাংলাদেশের ঘরোয়া পেশাদার লীগ এবং বাংলাদেশ জাতীয় ফুটবল দলের উন্নয়নের লক্ষ্যে সংশ্লিষ্ট প্রশিক্ষকবৃন্দকে উন্নত প্রশিক্ষণের মাধ্যমে সহায়তা প্রদান করতে বাংলাদেশ ফুটবল ফেডারেশন এই কোর্সের আয়োজন করেছে।

এএফসি কাপ ২০২১ঃ মালদ্বীপের মালেতে অনুষ্ঠিত 'এএফসি কাপ ২০২১' এর ডি গ্রুপের খেলায় বসুন্ধরা কিংস অনেক শক্তিশালী দলের বিরুদ্ধে অত্যন্ত ভাল পারফরম্যান্স করেছে। 'এএফসি কাপ ২০২১' এ নিজেদের সেরা পারফরম্যান্স প্রদর্শনের জন্য বসুন্ধরা কিংসকে অভিনন্দন জ্ঞাপন করছি।

****